



রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নিমিত্ত এপিএ টিমের জানুয়ারি ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ সিরাজুল ইসলাম
 অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)
 তারিখ : ১৬ ফেব্রুয়ারি ২০২১
 সময় : সকাল ১০.০০ টা
 স্থান : অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর অফিস কক্ষ
 (কক্ষ নং-৯২৫, ৯ম তলা), রেলভবন, ঢাকা।


সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০- ২১ এর ৯ নং অনুচ্ছেদে এপিএ টিমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। সে বিবেচনায় অধ্যকার সভা ২০২০-২১ অর্থবছরে ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত ৮ম সভা। করোনাভাইরাসজনিত মহামারীর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরে এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাযথ বাস্তবায়নের ওপর সভাপতি গুরুত্বারোপ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য তিনি এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) কে আহ্বান জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুসরণে সংশ্লিষ্ট বিষয় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
ক) গত ২৫/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। সিদ্ধান্ত-২(খ): সংশোধিত কর্মসম্পাদন সূচকের আলোকে কার্যক্রম বাস্তবায়নপূর্বক প্রমাণকসহ এপিএ টিমকে কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো;	২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক নং ৩.৩.১, ৩.৩.২ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সংশোধন করা হয়। সংশোধিত কর্মসম্পাদন সূচকসমূহ বাংলাদেশ রেলওয়ে-কে ১৪ ডিসেম্বর ২০২০ অবহিত করা হয়েছে এবং কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নপূর্বক প্রমাণকসমূহ এপিএ টিমকে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে।	২(খ), ২(গ)(১) ও ২(গ)(২)-এর বিষয়ে কোন সিদ্ধান্ত নেই।
সিদ্ধান্ত-২(গ)(১): ২০২০-২১ অর্থবছরের বাংলাদেশ রেলওয়ের এপিএ'র অর্ধবার্ষিক প্রতিবেদন	বাংলাদেশ রেলওয়ে-এর ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন কর্মসম্পাদন সূচকওয়ারী এপিএ টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগে ১৫ ফেব্রুয়ারি ২০২১ এর মধ্যে মূল্যায়ন	

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
মন্ত্রণালয়ের এপিএ টিম কর্তৃক মূল্যায়ন সম্পন্ন করা হলো। সিদ্ধান্ত-২(গ)(২): নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	পর্যালোচনা প্রেরণের সর্বশেষ তারিখ নির্ধারিত ছিলো। সভার পর্যালোচনার ভিত্তিতে ০৭ ফেব্রুয়ারি ২০২১ বাংলাদেশ রেলওয়ে-এর ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক প্রতিবেদন এর উপর ফলাবর্তক প্রদান করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে অনুলিপি প্রেরণ করা হয়েছে।	
খ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা এবং মূল্যায়নের বিষয়ে দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত প্রশিক্ষণে প্রদত্ত দিক-নির্দেশনা সমূহের উপর আলোচনা।	রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা এবং মূল্যায়নের বিষয়ে দক্ষতা বৃদ্ধির নিমিত্ত গত ১৫ ফেব্রুয়ারি ২০২১ মন্ত্রিপরিষদ বিভাগে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক ফলাবর্তক প্রদান করা হয় এবং কৌশলগত উদ্দেশ্যসমূহের বিপরীতে মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত প্রমাণক সম্পর্কে অবহিত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বার্ষিক মূল্যায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য নির্দেশনাসমূহ: <ul style="list-style-type: none"> প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে যথাযথ প্রমাণক দাখিল করতে হবে কোন সূচকের বিপরীতে প্রমাণক দাখিল না করা হলে উক্ত সূচকটি অর্জিত নয় মর্মে বিবেচিত হবে সকল প্রমাণক এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করতে হবে। প্রমাণক সরবরাহের জন্য কোন সময় বৃদ্ধি করা হবে না সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর বিহীন প্রমাণক গ্রহণযোগ্য হবে না ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা উল্লেখপূর্বক অনুবিভাগভিত্তিক অর্ধবার্ষিক অর্জন বিষয়ে পৃথক ছক তৈরি করা হয়েছে।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপিএ'র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ, অর্ধবার্ষিক অগ্রগতির ফলাবর্তক/মূল্যায়ন প্রতিবেদন এবং এপিএ মূল্যায়নে প্রযোজ্য প্রমাণকের তালিকা সংযুক্ত করে নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রমাণক সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে (অনুবিভাগ প্রধান, রেলপথ মন্ত্রণালয় এবং মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে) পত্র প্রেরণ করতে হবে।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


22-02-2022

(মোঃ সিরাজুল ইসলাম)

এপিএ টিম লিডার

এবং

অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)

রেলপথ মন্ত্রণালয়